

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড “নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২” নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি	নীট মূল্য সংযোজন করের হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
Soo১	Soo১.২০	রেস্তোরা	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোরা কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা একশত ভাগ। (খ) সাধারণ রেস্তোরা (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	১৫%
Soo৩	Soo৩.১০	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ	যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
Soo৩	Soo৩.২০	ডকইয়ার্ড	যে কোন প্রকার যান্ত্রিক নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
Soo৪	Soo৪.০০	নির্মাণ সংস্থা	যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা ছত্রিশ দশমিক হয়	৫.৫%

		সাত ভাগ।		
S০১০	S০১০.১০	ভূমি উন্নয়ন সংস্থা	উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা বিশ ভাগ।	৩%
	S০১০.২০	ভবন নির্মাণ সংস্থা	ভবন বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা বিশ ভাগ।	৩%
S০১৯	S০১৯.০০	ফটো নির্মাতা	ফটো নির্মাতা কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
S০২৪	S০২৪.০০	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) উৎপাদন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা চল্লিশ ভাগ; (খ) বিপণন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত ভাগ (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে)।	৬% ৪%
S০২৬	S০২৬.০০	স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী	স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা বিশ ভাগ।	৩%
S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement provider)	সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত ভাগ।	৪%
S০৪৮	S০৪৮.০০	পরিবহন ঠিকাদার	(ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা পনের ভাগ; (খ) অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা পঞ্চাশ ভাগ পরিমাণ অর্থ।	২.২৫% ৭.৫%
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	ব্যবহৃত বিদ্যুতের বিপরীতে প্রাপ্ত মোট বিদ্যুৎ বিলের শতকরা তেত্রিশ দশমিক তিন চার ভাগ;	৫%
S০৬০	S০৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা	নিলামকৃত পণ্যের বিক্রয় মূল্যের শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত ভাগ।	৪%
S০৬৭	S০৬৭.০০	ইমিগ্রেশন উপদেষ্টা	সেবা প্রদানকারী কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
S০৬৯	S০৬৯.০০	ইংলিশ মিডিয়াম স্কুল	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
S০৭৪	S০৭৪ ০০	স্তান ও স্থাপনা ভাড়া	স্তান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে ভাড়ার	৯%

	গ্রহণকারী	সমুদয় অর্থের শতকরা ষাট ভাগ।	
So৭৮	So৭৮.০০	নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপনন কেন্দ্র	বিপনন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা ৫% তেত্রিশ দশমিক তিন চার ভাগ।
So৯৯	So৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ৪.৫% শতকরা ত্রিশ ভাগ।
	So৯৯.৩০	স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোঃ শওকাত হোসেন]

প্রথম সচিব (মুসক নীতি)